# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা, ফোনঃ ০২-২২৩৩৮৪১৫৯, ই-মেইল: bnmc.examination@gmail.com ওয়েবসাইট: www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮/২০২৬- **৫৬২** তারিখঃ ১০ আগস্ট ২০২৬ খ্রিঃ

## কম্প্রিহেন্সিভ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীন আসন্ন সেপ্টেম্বর-২০২৬ খ্রি. কম্প্রিহেন্সিভ/লাইসেন্সিং পরীক্ষায় নার্সিং ও মিডওয়াইফারি কোর্সের পরীক্ষার্থীদের কাউন্সিলের সফটওয়্যারে রক্ষিত স্টুডেন্ট রেজিস্ট্রেশন ডাটা ভান্ডার হতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের মাধ্যমে এবং পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্সের পরীক্ষার্থীদের নিজ উদ্যোগে সংযুক্ত নিয়মাবলি (কপি সংযুক্ত) অনুসরণ করে অনলাইনে আবেদন ফরম পূরণ করে নিম্নোক্ত তারিখে অফিস চলাকালিন সময়ের মধ্যে জমা নিশ্চিত করতে হবে। পরীক্ষার ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা হারে সকল শিক্ষার্থীর ফি-একত্রে **"বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল"** এর অনুকূলে একত্রে একটি (কোর্স অনুযায়ী) "অনলাইন জমা স্লিপ" (যে সকল জেলায় প্রাইম ব্যাংক এর শাখা নেই তাদেরকে যে কোন ব্যাংকের পে-অর্ডার/ ডিডি) এর মাধ্যমে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে। পরীক্ষার সময়-সূচি, কেন্দ্র তালিকা, প্রবেশপত্র ইস্যু ও আনুসঙ্গিক সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

| | |
|---|---|
| ১। অনলাইন আবেদন : | ১১/০৮/২০২৬ হতে ৩১/০৮/২০২৬ খ্রি. বিকেল ০৪:০০ ঘটিকা পযর্ন্ত |
| ২। হার্ডকপি জমার শেষ তারিখ: | ০২/০৯/২০২৬ খ্রি. বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত |
| ৩। পরীক্ষার সম্ভাব্য তারিখ ও সময় | ২৫ সেপ্টেম্বর ২০২৬, শুক্রবার সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.৪০ পর্যন্ত |

**নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে**

| বিএসসি ইন নার্সিং | ডিপ্লোমা ইন নার্সিং/ ডিপ্লোমা ইন মিডওয়াইফারি | পেশেন্ট কেয়ার টেকনোলজি |
|---|---|---|
| (ক) ফরওয়ার্ডিং লেটার;<br>(খ) ফি জমার রশিদ;<br>(গ) পরীক্ষার্থী তালিকা;<br>(ঘ) স্টুডেন্ট রেজিস্ট্রেশন;<br>(ঙ) বিএসসি নার্সিং এর বিশ্ববিদ্যালয়ে মূল সনদপত্র/ সাময়িক সনদ।<br>(চ) ইন্টার্নশীপ সনদপত্র;<br>(ছ) সকল ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত। | (ক) ফরওয়ার্ডিং লেটার;<br>(খ) ফি জমার রশিদ;<br>(গ) পরীক্ষার্থী তালিকা;<br>(ঘ) স্টুডেন্ট রেজিস্ট্রেশন,<br>(ঙ) ৩য় বর্ষ পাশের মার্কশিট/অনলাইন ফলাফল;<br>(চ) ইন্টার্নশীপ সনদপত্র;<br>(ছ) সকল ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত। | (ক) ফি জমার রশিদ (মূলকপি);<br>(খ) আবেদন ফরম প্রিন্টকপি;<br>(গ) এসএসসি ও পেশেন্ট কেয়ার টেকনোলজির স্টুডেন্ট রেজিস্ট্রেশন;<br>(ঘ) এসএসসি ও পেশেন্ট কেয়ার টেকনোলজির সনদপত্র;<br>(ঙ) জাতীয় পরিচয়পত্র (না থাকলে অনলাইন জন্ম নিবন্ধন);<br>(চ) স্থায়ী ঠিকানা সম্বলিত নাগরিকত্ব সনদ;<br>(ছ) পূর্বের পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত থাকলে তাদের প্রবেশপত্র; |
| ***** যে সকল শিক্ষার্থী সেপ্টেম্বর-২০২৬ খ্রি. এর মধ্যে ইন্টার্নশীপ সম্পন্ন করবে শুধু সে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবেন। তবে পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে ৬ মাসের ইন্টার্নশীপ সনদ দাখিলপূর্বক লাইসেন্স/রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবেন।** | | (জ) সকল ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি। |

**বি: দ্র: পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্সে অনলাইনে আবেদন করার সময় অবশ্যই যাচাই-বাছাই করে সাবমিট করতে হবে। পরবর্তীতে ভুল/অসম্পূর্ণ/বিলম্বে পৌঁছানো আবেদন বাতিল বলে গণ্য হবে এবং প্রবেশপত্র ইস্যু করা হবে না।**

১০.৮.০২৬

হালিমা আক্তার
রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. প্রেসিডেন্ট, বিএনএমসি এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম (দৃঃ আঃ সচিবের একান্ত সচিব, স্বাশিপকবি)।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. ভাইস-প্রেসিডেন্ট, বিএনএমসি এবং অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
৪. যুগ্মসচিব (নার্সিং শিক্ষা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
৫. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
৬. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি ও পরিচালক (চিশি), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭. সদস্য (সকল), পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
৮. অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান (সরকারি ও বেসরকারি সকল), . . . . . . . . . . . . . . . . . . .
৯. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
১০. পরীক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি, বিএনএমসি (পরীক্ষার যাবতীয় প্রস্তুতি গ্রহণের জন্য)।
১১. পরীক্ষার জন্য প্রকৃত আবেদন প্রার্থী, পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স (নিজ দায়িত্বে অনলাইনে আবেদনের জন্য) . . . . . . . . . . .
১২. জনাব/ বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

**নিয়মাবলি অপর পৃষ্ঠার দ্রষ্টব্য**

# কম্প্রিহেন্সিভ পরীক্ষার আবেদন ফরম পুরণ সংক্রান্ত নির্দেশিকা

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে আসন্ন অনুষ্ঠিতব্য কম্প্রিহেন্সিভ পরীক্ষার আবেদন ফরম পূরণ করার নিয়মাবলি নিম্নরূপ:

## নার্সিং ও মিডওয়াইফারি কোর্স সম্পন্নকারীদের আবেদন প্রক্রিয়া:

(১) বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি (পুরাতন কারিকুলামের অকৃতকার্য/অনিয়মিত ও নতুন কারিকুলামে ইন্টার্নশীপ সনদপ্রাপ্ত) এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের (অকৃতকার্য/অনিয়মিত) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কাউন্সিলের সফটওয়্যারে সংরক্ষিত স্টুডেন্ট-রেজিস্ট্রেশন ডাটাবেজে (প্রতিষ্ঠানের গোপন ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে) প্রবেশ করে Exam Management হতে Comprehensive Exam এর পর Apply Comprehensive Exam এ প্রবেশ করে পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ করার সময় পরীক্ষার্থীদের ড্রেস পরিহিত নতুন ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে;

(২) প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সকল পরীক্ষার্থীর ফি একত্রে কাউন্সিলের ওয়েবসাইট থেকে নির্দিষ্ট জমা রশিদ/পে-স্লিপ মাধ্যমে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় টাকা জমা দিয়ে রশিদের মূলকপি, ইন্টার্নশীপ সনদপত্র, পূর্বোক্ত সেশনে পরীক্ষায় অকৃতকার্য/ অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রবেশপত্রের কপি ও পরীক্ষার্থী তালিকাযুক্ত ফরওয়ার্ডিং লেটার সরাসরি/ডাকযোগে নির্দিষ্ট সময়ের মধ্যে কাউন্সিলে পৌঁছানো নিশ্চিত করতে হবে।

(৩) পরীক্ষার ফরম পূরণের পর ডিপ্লোমা কোর্সের জন্য (ক) ফরওয়ার্ডিং লেটার, (খ) ফি জমার রশিদ, (গ) পরীক্ষার্থী তালিকা (পুরাতন হলে তা উল্লেখসহ), (ঘ) ৩য় বর্ষ পাশের অনলাইন মার্কসীট, (ঙ) ইন্টার্নশীপ সনদপত্র ও কাউন্সিলের স্টুডেন্ট রেজিস্ট্রেশনের সত্যায়িত কপি এবং বিএসসি নার্সিং কোর্সের জন্য অতিরিক্ত হিসেবে বিশ্ববিদ্যালয়ের ফলাফলের কপি, বিএসসি নার্সিং ডিগ্রির সনদপত্র ও কাউন্সিলের স্টুডেন্ট রেজিস্ট্রেশনের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

## পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স সম্পন্নকারীদের আবেদন প্রক্রিয়া:

**(১) পরীক্ষার ফি জমার অনলাইন রশিদ:** কাউন্সিলের ওয়েবসাইটের অভ্যন্তরীন ই-সেবা অংশে 'অনলাইনে ফি জমা রশিদ' ক্লিক করে Client Type: Others সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য লিখে Comprehensive Examination Fee বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা সিলেক্ট করে সাবমিট করলে রশিদ পাওয়া যাবে। রশিদটি প্রিন্ট করে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় জমা দিলে একাংশ রেখে অবশিষ্ট দুই অংশ ফেরত দিবে। জমাকৃত রশিদের নিজ অংশ রেখে বিএনএমসি অংশ ফরমের সাথে কাউন্সিলে দাখিল করতে হবে।

**(২) আবেদনের অনলাইন ফরম:** পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স সম্পন্নকারীদেরকে কাউন্সিলের ওয়েবসাইটের অভ্যন্তরীন ই-সেবা অংশে PCT পরীক্ষার ফি অপশনে ক্লিক করে অনলাইন ফরমে প্রয়োজনীয় তথ্যাদি লিখে যথা নিয়মে আবেদন সম্পন্ন করে দু'টি প্রিন্ট কপি নিয়ে একটি নিজের কাছে রেখে অপরটি কাউন্সিলে পাঠাতে হবে।

**২.১ কাউন্সিলের অধীনে পূর্বের পরীক্ষায় অকৃতকার্যদের ফরম পূরণের নিয়ম:** Apply new exam use old data অপশন সিলেক্ট করে Exam: এর জায়গায় পূরবর্তী পরীক্ষার মাসের নাম, BNMC Roll: পূর্বের এডমিট কার্ডের প্রদত্ত বিএনএমসি রোল, কারিগরি বোর্ডের রোল ও রেজিস্ট্রেশন নং দিয়ে তথ্য সার্চ করে উক্ত তথ্য, পূর্বের পরীক্ষার ফি জমার রশিদ নং ও জমার তারিখ এবং প্রার্থীর ছবি ও স্বাক্ষর নতুনভাবে দিয়ে সাবমিট করলে সেপ্টেম্বর-২০২৬ পরীক্ষার ফরম পূরণ হবে। পূরণকৃত ফরম প্রিন্ট করে এক কপি নির্দিষ্ট তারিখের মধ্যে কাউন্সিলে পৌঁছানো নিশ্চিত করতে হবে (একাধিক কপি পাঠানোর প্রয়োজন নেই)।

**২.২ নতুন পরীক্ষার্থীদের ফরম পূরণের নিয়ম:** Apply as new examinee অপশন সিলেক্ট করে submit বাঁটনে ক্লিক করে অনলাইন ফরমে প্রয়োজনীয় তথ্যাদি লিখে মার্চ-২০২৬ পরীক্ষার ফি জমার রশিদ নং ও জমার তারিখ এবং প্রার্থীর ছবি ও স্বাক্ষর নতুনভাবে সাবমিট করলে ফরম প্রিন্ট হবে।

২.৩ নির্ধারিত তারিখের মধ্যে ফরমে তথ্য হালনাগাদ অথবা ফরম পুনরায় প্রিন্ট করতে চাইলে Update/ Print existing form সিলেক্ট করে Exam: এর জায়গায় পূরবর্তী পরীক্ষার মাসের নাম, কারিগরি বোর্ডের রোল ও রেজিস্ট্রেশন নং দিয়ে তথ্য সার্চ করে উক্ত ফরম হালনাগাদ ও প্রিন্ট করার অপশন থাকবে।

২.৪ সেপ্টেম্বর-২০২৬ পরীক্ষার ফি জমার নতুন রশিদ (মূলকপি) এবং আবেদন ফরমের প্রিন্ট (হার্ডকপি) সাথে এসএসসি ও পেশেন্ট কেয়ার টেকনোলজির স্টুডেন্ট রেজিস্ট্রেশন এবং সনদপত্র, জাতীয় পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে অনলাইন জন্ম নিবন্ধন), স্থায়ী ঠিকানা সম্বলিত নাগরিকত্ব সনদ ইত্যাদি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি, পূর্বের পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রবেশপত্রের কপি এবং ফি জমা-স্লিপ সংযুক্ত করে সরাসরি/ডাকযোগে নির্দিষ্ট সময়ের মধ্যে কাউন্সিলে পৌঁছানো নিশ্চিত করতে হবে।

বি: দ্র: সকল কাগজপত্রসহ যথাসময়ে আবেদন জমা নিশ্চিত করতে হবে। অসম্পূর্ণ/বিলম্বে পৌঁছানো আবেদন বাতিল বলে গণ্য হবে।

বিতরণ:

অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ইনস্টিটিউট

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .